

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৫৮

পর্ব-১১: হজ (এшыл) باتك)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - বিদায় হজের বৃত্তান্তের বিবরণ

بَابُ قِصَّةِ حَجَّةِ الْوَدَاع

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «هَذِهِ عُمْرَةٌ اسْتَمْتَعْنَا بِهَا فَمَنْ لَمْ يَكُنْ عِنْدَهُ الْهَدْيُ فَلْيَحِلَّ الْحِلَّ كُلَّهُ فَإِنَّ الْعُمْرَةَ قَدْ دَخَلَتْ فِي الْحَجِّ إِلَى يَوْمِ الْقِيَامَةِ» . رَوَاهُ مُسْلِمٌ وَهَذَا الْبَابُ خَالٍ عَنِ الْفَصِلِ الثَّانِي

বাংলা

২৫৫৮-[8] 'আব্দুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এটা 'উমরা, যা দিয়ে আমরা তামাতু' করলাম। অতএব যার কাছে কুরবানীর পশু সাথে নেই, সে যেন ('উমরা শেষ করে) পূর্ণভাবে হালাল হয়ে যায়। তবে এটা মনে রাখবে যে, কিয়ামাত (কিয়ামত) পর্যন্ত 'উমরা হজের মাসে প্রবেশ করলো। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১২৪১, ইরওয়া ৯৮২, সহীহ আল জামি' ৭০১৩, আবূ দাউদ ১৭৯০, ইবনু আবী শায়বাহ্ ১৫৭৮৪, আহমাদ ২১১৫, দারিমী ১৮৯৮, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১১০৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلْيَحِلَّ الْحِلَّ كُلَّه) "সে পূর্ণভাবে হালাল হয়ে যাবে।" অর্থাৎ- ইহরাম অবস্থায় তার জন্য যা হারাম ছিল তার কিছুই আর তার জন্য হারাম থাকবে না। সে ইহরামের পূর্ববর্তী অবস্থায় ফিরে যাবে।

(إِلَى يَوْمِ الْقِيَامَةِ) ''किয়ামাত পর্যন্ত''। ইবনু মালিক বলেনঃ অর্থাৎ- হজ্জের মাসে 'উমরা পালন করার বৈধতা এ



বৎসরের জন্য নির্দিষ্ট নয় বরং তা ক্বিয়ামাত পর্যন্ত বৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=57118}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন